



নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত পপি ভাসমান বিদ্যালয় প্রকল্পের শিক্ষা কর্মসূচির আওতায় কিশোরগঞ্জ জেলার নিকলি উপজেলায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে প্রজেক্ট অফিসার পদে কাজ করতে আগ্রহী যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রকল্পের মেয়াদকাল-জুন ৩০, ২০২৪ পর্যন্ত।

পদের নাম : প্রজেক্ট অফিসার

কর্মস্থল : কিশোরগঞ্জ জেলার নিকলী উপজেলা।

দায়িত্ব ও কর্তব্য:

- কো-অর্ডিনেটর কর্তৃক আয়োজিত বিভিন্ন মিটিং/প্রোগ্রামে সহযোগিতা এবং অংশগ্রহণ;
- সকল স্টেক হোল্ডার এবং প্রকল্পের অন্যান্য স্টাফদের সাথে কার্যকরী যোগাযোগ ও সময়ের মাধ্যমে সামাজিক উদ্ভুদ্ধকরণ কার্যক্রম বাস্তবায়ন, জরিপ কার্য সম্পাদন, প্রকৃত বিদ্যালয় বহির্ভূত শিশুর তালিকা প্রস্তুতকরণ, শিশু যাচাই বাছাই পূর্বক উপযুক্ত শিক্ষার্থী ভর্তি, সিএমসি গঠন, পাঠ্যপুস্তক ও উপকরণ সরবরাহ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা।
- শিক্ষক প্রশিক্ষণের আয়োজন এবং প্রশিক্ষণে ট্রেইনার হিসেবে দায়িত্ব পালন।
- নিয়মিত সুপারভিশন পাঠ পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান;
- মাঠপর্যায়ে সিএমসি সভা ও অভিভাবক সভা নিশ্চিতকরণ;
- নিয়মিত মাসিক স্টাফ সভা ও শিক্ষক রিফ্রেশার্স প্রশিক্ষণ নিশ্চিতকরণ;
- উপজেলা পর্যায়ের কর্মসূচি সংক্রান্ত হালনাগাদ তথ্য উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ;
- শিক্ষার্থী মূল্যায়ন, ক্লাশের অগ্রগতি নিরূপণ, সুপারভাইজারের নিয়মিত বিদ্যালয় পরিদর্শন নিশ্চিতকরণ;
- নিয়মিত মাসিক অগ্রগতি প্রতিবেদন ও মনিটরিং প্রতিবেদন প্রস্তুতকরণ ও কর্তৃপক্ষ বরাবর প্রেরণ;
- নিয়মিত স্কুল পরিদর্শন, এসএমসি, শিক্ষক ও অভিভাবক মিটিং এর আয়োজন করা ও শিক্ষকদের দিকনির্দেশনা প্রদান;
- প্রকল্পের আওতায় বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন করা।
- ইউনিয়ন / উপজেলা পর্যায়ে ইস্যুভিত্তিক এডভোকেসী কার্যক্রম পরিচালনা করা।
- কর্মএলাকার সংশ্লিষ্ট সকল সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সাথে সুসম্পর্ক স্থাপন এবং নিয়মিত যোগাযোগ রাখা।
- কর্মএলাকায় প্রয়োজনানুসারে হেলথ ক্যাম্প এর আয়োজন করা
- উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে নিয়মিত সময় সাধন।
- মাসিক সময় সভায় অংশগ্রহণ করা এবং কর্মএলাকার বিভিন্ন সমস্যা, সফলতা ও সম্ভাবনার বিষয়গুলো বিনিময় করা।
- বিভিন্ন ধরনের জরিপ এবং জরুরী সেবা প্রদানের সময় সংস্থার প্রয়োজন অনুযায়ী সহযোগিতা করা।
- অফিসিয়াল সকল রেকর্ড পত্র হালনাগাদ রাখা।
- টীম স্পিরিট বজায় রেখে মাঠ পর্যায়ের সমস্যা সমাধানে সহযোগিতা করা।
- প্রকল্পের প্রয়োজনে এবং সংস্থা কর্তৃক অর্পিত অতিরিক্ত দায়িত্ব পালন করা।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রীধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

অন্যান্য শর্তাবলী :

- কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকতে হবে।
- শিক্ষা কর্মসূচিতে কাজের অভিজ্ঞতা থাকলে তা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে
- বৈধ লাইসেন্সসহ মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।

বেতন : ২২,০০০/-। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রসিদ ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ২৬/১২/২০২৩ তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন পাঠাতে পারেন: hr@popibd.org। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

“নারী-শিশু নির্ধাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ”

web: www.popibd.org